

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

নং- ১০.০৭.০০০০.০০১.২৭.০০৬.২৪-১৪৪

তারিখঃ ২০ চৈত্র ১৪৩০
০৩ এপ্রিল ২০২৪

নোটিশ

আপনি জনাব মানসুল আলম দিপু, জারিকারক, জেলা লিগ্যাল এইড অফিস কিশোরগঞ্জ (স্থায়ী ঠিকানা: গ্রাম: পূর্বপলাশ, ডাকঘর: পলাশ-১৬১০, উপজেলা: পলাশ, জেলা: নরসিংদী) জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার ১১/০৪/২০২৩খ্রি. তারিখের ১০.০৭.০০০০.০০১.১১.০০৭.২০১৯-২০৩ নং স্মারকমূলে জারিকারক পদে নিয়োগপ্রাপ্ত হয়ে গত ০৩/০৫/২০২৩খ্রি. তারিখে সংস্থার প্রধান কার্যালয়ে যোগদান করেন এবং আপনাকে কিশোরগঞ্জ জেলা লিগ্যাল এইড অফিসে জারিকারক হিসাবে পদায়ন করা হয়। আপনার চাকুরিতে যোগদানের তারিখ হতে অদ্য পর্যন্ত ১১ মাস উত্তীর্ণ হয়েছে। অদ্যবধি ০১(এক) বছর শিক্ষানবিসকাল অতিক্রান্ত হয়নি এবং আপনার চাকরি এখনো স্থায়ী হয়নি।

আপনি গত ৩০/১১/২০২৩খ্রি. তারিখে সর্বশেষ অফিস করেন এবং গত ০৩/১২/২০২৩খ্রি. ও ০৪/১২/২০২৩খ্রি. তারিখ নৈমিত্তিক ছুটি ভোগ করার পর আর কর্মে যোগদান করেননি; আপনি অসুস্থতাজনিত কারণ দেখিয়ে ১৫ দিন পর পর ছুটির আবেদন ইমেইলের মাধ্যমে প্রেরণ করলেও আপনার চিকিৎসার কোন অগ্রগতি, আপনার বর্তমান অবস্থান, সম্ভাব্য যোগদানের তারিখ সম্পর্কে অফিসকে অবগত করেননি; আপনার কর্মস্থলে উপস্থিত না থাকার কারণে জনবলের সংকটের দরুন জেলা লিগ্যাল এইড অফিস, কিশোরগঞ্জ এর স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং গত ০৫/১২/২০২৩খ্রি. তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অদ্যবধি কর্মস্থলে আপনার অনুপস্থিতি চাকরির শৃঙ্খলা পরিপন্থী।

আপনার নিয়োগপত্রের ২(গ) নং শর্তমতে এবং জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৭(ক) এ বর্ণিত শর্তমতে আপনার যোগদানের তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে এবং একই প্রবিধানমালার প্রবিধান ৭(২)(খ)(অ) মোতাবেক বর্ণিত সময়ের মধ্যে আপনার আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে আপনার চাকরি অবসান করা যাবে মর্মে বিধান রয়েছে।

শিক্ষানবিসকালে আপনার আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং আপনি অফিস শৃঙ্খলা পরিপন্থী কর্মে লিপ্ত থাকায় আপনার চাকুরি অবসান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায় জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৫৩(১) অনুযায়ী আপনাকে ০১(এক) মাসের পূর্ব নোটিশ প্রদান করা হলো।

জনাব মানসুল আলম দিপু

জারিকারক

জেলা লিগ্যাল এইড অফিস, কিশোরগঞ্জ।

স্থায়ী ঠিকানা:


পিতা: রমিজ উদ্দিন

গ্রাম: পূর্বপলাশ, ডাকঘর: পলাশ-১৬১০, উপজেলা: পলাশ, জেলা: নরসিংদী।

জ্ঞাতার্থে বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। সহকারী পরিচালক (মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৫। জেলা লিগ্যাল এইড অফিসার, কিশোরগঞ্জ।
- ৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং-৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কিশোরগঞ্জ।
- ৮। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৯। কোর্ট অফিসার, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ)।
- ১০। সংশ্লিষ্ট প্রশাসনিক ফাইল/গার্ড ফাইল।

C:\Users\DELL\Desktop\চাকুরি অবসান নোটিশ.doc


০৩/০৪/২০২৪
মোহাম্মদ আল মামুন

পরিচালক (সিনিয়র জেলা জজ)

ফোন নং: ০২-৮৩৩১৯০৬ (অঃ)

ই-মেইল: director@nlaso.gov.bd